



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর-উঃশিঃঅঃ/বন্দর/২১

তারিখ : ২৫ পৌষ ১৪৩০
০৯ জানুয়ারি ২০২৪

মাসিক সমন্বয় সভার নোটিশ

বন্দর উপজেলায় কর্মরত সকল সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১ জানুয়ারি ২০২৪খ্রি. তারিখ বৃহস্পতিবার মদনগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জানুয়ারি'২৪ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ মহোদয় উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন। সভায় সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত স্থানে সকাল ১০টার মধ্যে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি:

১. শিক্ষকদের আগমন-প্রস্থান সংক্রান্ত।
২. NCTB-নির্দেশনা অনুসারে সাপ্তাহিক ক্লাস রুটিন তৈরি করে আগামী ১৫.০১.২০২৪খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট ক্লাস্টার অফিসারের নিকট হতে অনুমোদন গ্রহণ।
৩. NCTB-কর্তৃক প্রদত্ত বার্ষিক পাঠ পরিকল্পনা আগামী ১৫.০১.২০২৪খ্রি. তারিখের মধ্যে প্রিন্ট করে সংশ্লিষ্ট ক্লাস্টার অফিসারকে দেখানো।
৪. ক্যাচমেন্ট এলাকার ম্যাপ ও মনিটরিং বোর্ড আগামী ০৫.০২.২০২৪খ্রি. তারিখের মধ্যে হালফিল করে Messenger group-এ ছবি দেয়া।
৫. ০২(দুই) বছর মেয়াদী প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা।
৬. সকল প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণকে সার্বক্ষণিক অনলাইনে এবং Messenger group-এ Active থাকতে হবে।
৭. ইউনিক আইডি-র আগামী ৩০.০১.২০২৪খ্রি. এর মধ্যে আপডেটকরণ।
৮. পরিমার্জিত ডিপিএড-এ ডেপুটেশন প্রাপ্ত শিক্ষকগণের নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি নিশ্চিতকরণ।
৯. শতভাগ ভর্তি ও ইউনিফর্ম নিশ্চিতকরণ।
১০. উপবৃত্তির কাজ সময়মতো সম্পন্নকরণ।
১১. বিদ্যালয়ের জমি রেকর্ডভুক্তকরণ সংক্রান্ত।
১২. বেইস লাইন তথ্য আগামী ০৫.০২.২০২৪খ্রি. এর মধ্যে সংশ্লিষ্ট ক্লাস্টার অফিসারের নিকট জমা করা।
১৩. APSC-র Key Data ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা।

মোঃ রেজাউল করিম

উপজেলা শিক্ষা অফিসার

বন্দর, নারায়ণগঞ্জ।

Signature
০৭.০১.২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

- ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ২। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), বন্দর, নারায়ণগঞ্জ।
- ৩। প্রধান/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয় (সকল), বন্দর, নারায়ণগঞ্জ।
- ৪। অফিস কপি।

মোঃ রেজাউল করিম

উপজেলা শিক্ষা অফিসার

বন্দর, নারায়ণগঞ্জ।